**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 04-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip Basu**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর হল –</u>

১/ মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে রাজ্যকে না জানিয়ে DVC-র জল ছাড়া নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে অভিযোগ করেছেন, কেন্দ্রীয় সরকার তা' খারিজ করে দিয়েছে।

২/ উত্তর ২৪ পরগনার বরানগরে এক স্বর্ণ ব্যবসায়ীকে খুন করে দোকান থেকে ১৫ কিলো সোনা লুঠ হয়েছে।

৩/ অপরাধের নিরিখে কলকাতা, দেশের মধ্যে সবচেয়ে নিরাপদ হিসেবে চিহ্নিত হয়েছে। # বিজেপি রাজ্যের বিরুদ্ধে তথ্য গোপনের অভিযোগ করেছে।

৪/ কলকাতার রেড রোডে আগামীকাল দুর্গা কার্নিভালের জন্য শেষ মুহুর্তের প্রস্তুতি চলছে।

৫/ মুর্শিদাবাদের রেজিনগরে বোমা তৈরীর সময় এক যুবক নিহত। বিষ্ফোরণের পর দেহ সরিয়ে ফেলার অভিযোগ পরিবারের।

******************************************************************************

মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে রাজ্যকে না জানিয়ে DVC-র জল ছাড়া নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে অভিযোগ করেছেন, কেন্দ্রীয় সরকার তা খারিজ করে দিয়েছে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সিআর পাতিল বলেছেন, বিজ্ঞান সম্মত উপায়ে অত্যন্ত সুষ্ঠুভাবে এই জল ছাড়ার প্রক্রিয়া সম্পন্ন হয়ে থাকে। মাইথন ও পাঞ্চেত থেকে না জানিয়ে দেড় লক্ষ কিউসেক জল ছাড়ার যে তথ্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দিয়েছেন, তা বাস্তবে সত্য নয়। DVRRC জল ছাড়ার আগে সেচ ও জলপথ নির্দেশালয় এবং পশ্চিমবঙ্গ সরকারের মতামত চেয়ে পাঠিয়েছিল। কিন্তু তাদের তরফ থেকে কোন উত্তর মেলেনি। বর্তমানে পশ্চিমবঙ্গের পরিস্থিতি স্বাভাবিক আছে বলেও শ্রী পাটিল উল্লেখ করেন।

এদিকে দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমাণ কমেছে। বিকেল চারটে থেকে ৭২ হাজার ৪৫০ কিউসেক জল ছাড়া হচ্ছে। অজয়, ভাগীরথী, দামোদরের জলস্তর বাড়লেও তা বিপদসীমার  নীচে রয়েছে।

নিম্নচাপের জেরে অতিবৃষ্টি এবং জলাধারের ছাড়া জলে, পশ্চিম মেদিনীপুরের ঘাটাল মহকুমার কেঠিয়া, শিলাবতি, ঝুমি প্রভৃতি নদীর জলস্তর বৃদ্ধি পাচ্ছে। ফলে, আবারও ঘাটাল মহকুমায় বন্যার আশঙ্কা দেখা দিয়েছে। মহকুমা প্রশাসনের পক্ষ থেকে, নিচু এলাকা ও মাটির বাড়িতে বসবাসকারীদের দ্রুত ফ্লাড শেল্টারে-এ আশ্রয় নেওয়ার জন্য বলা হয়েছে। মৎস্যজীবীদের নদীর জলে নামতে নিষেধ করা হয়েছে।

************************

এদিকে, পশ্চিম ঝাড়খন্ড ও সংলগ্ন দক্ষিণ বিহারের ওপর একটি সুস্পষ্ট নিম্নচাপ অবস্থান করছে। ক্রমশ তা উত্তর-উত্তর পূর্বে অগ্রসর হচ্ছে। আগামী ১২ ঘন্টায় সেটি আরো শক্তি হারিয়ে নিম্নচাপে পরিণত হবে। এর প্রভাবে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় অতি ভারী থেকে অত্যন্ত ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের বাকি অংশে মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

( বাইট- সৌরিশ )

দক্ষিণবঙ্গে আগামীকাল পর্যন্ত মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

*************************

উত্তর ২৪ পরগনার বরানগরে এক স্বর্ণ ব্যবসায়ীকে খুন করে দোকান থেকে ১৫ কিলো সোনা লুঠ হয়েছে। শম্ভুনাথ দাস লেনে আজ দুপুরের পর বেশ কয়েকজন দুষ্কৃতী দোকানে প্রবেশ করে বলে CCTV ফুটেজ খতিয়ে দেখে জানতে পেরেছে পুলিশ। দোকানের মালিক শঙ্কর জানার দেহ  হাত-পা বাঁধা অবস্থায় দোকানের ভেতর থেকে উদ্ধার করা হয়।

স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। দুষ্কৃতীদের সন্ধানে দোকান এবং আশেপাশের CCTV ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ।

ব্যারাকপুরের পুলিশ কমিশনার মুরলীধর শর্মা, আজ ঘটনাস্থলে যান। অপরাধীদের দ্রুত পাকড়াও করার আশ্বাস দেন তিনি।

এদিকে, নিরাপত্তার দাবীতে আশেপাশের সোনা ব্যবসায়ীরা পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখায়।

*************************

অপরাধের নিরিখে কলকাতা দেশের মধ্যে সবচেয়ে নিরাপদ শহর হিসাবে চিহ্নিত হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো থেকে প্রকাশিত ২০২৩ সালের রিপোর্ট অনুযায়ী সমীক্ষা করা দেশের মোট ১৯টি মেট্রোপলিটন শহরের মধ্যে কলকাতায় অপরাধ সবচেয়ে কম বলে উল্লেখ করা হয়েছে। রিপোর্টে প্রতি লক্ষ জনবসতিতে ৮৩ দশমিক ৯টি অপরাধ হয়েছে বলে উল্লেখ করা হয়েছে যা দেশের মধ্যে যেটা সর্বনিম্ন। এরপরেই রয়েছে হায়দরাবাদ। সেখানে অপরাধের হার ৩৩২ দশমিক ৩। নথিভুক্ত অভিযোগের ভিত্তিতে ২০২২ সালের তুলনায় কলকাতায় নারী নির্যাতনের সংখ্যাও কমেছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, এনসিআরবি-র রিপোর্ট অনুযায়ী এই নিয়ে চারবার কলকাতা দেশের মধ্যে সবচেয়ে নিরাপদ শহর হিসাবে চিহ্নিত হল।

বিজেপি, এই রিপোর্টের প্রেক্ষিতে রাজ্যের শাসক দলের কড়া সমালোচনা করেছে। দলের মুখপাত্র দেবজিত সরকার আকাশবাণীকে জানিয়েছেন, অধিকাংশ ক্ষেত্রে রাজ্য প্রশাসন অভিযোগ দায়ের করেন না।

( বাইট- দেবজিত )

*************************

২০১৬-র SSC প্যানেলভুক্ত পূর্ব মেদিনীপুরের ডহরপুর তপশীলি হাইস্কুলের শিক্ষা বিজ্ঞানের শিক্ষিকা অর্পিতা দাস মাইতির আজ ব্রেন স্ট্রোকে মৃত্যু হয়েছে। সুপ্রিম কোর্টের রায়ে সম্প্রতি চাকরী হারিয়েছিলেন তিনি। এই ঘটনায় শিক্ষক সংগঠন STEA, রাজ্য সরকারকে দায়ী করেছে। সংগঠনের সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেছেন, সরকারের চূড়ান্ত দুর্নীতির কারণে হাজার হাজার শিক্ষক শিক্ষিকা ও শিক্ষা কর্মীরা অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী, এই ঘটনায় শোক প্রকাশ করে বলেছেন, কোনো যোগ্য শিক্ষক শিক্ষা কর্মী যাতে বঞ্চিত না হন, তার দায়িত্ব রাজ্য সরকারকেই নিতে হবে।

*************************

কোচবিহারের ভেটাগুড়িতে তৃণমূল কংগ্রেসের দুষ্কৃতীদের হাতে আক্রান্ত এক বিজেপি কর্মীর বাড়ি যাওয়ার পথে প্রাক্তন মন্ত্রী নিশীথ প্রামাণিকের ওপর চড়াও হওয়ার অভিযোগ উঠেছে শাসক দলের কর্মী সমর্থকদের বিরুদ্ধে। কালো পতাকা দেখানোর পাশাপাশি তাঁর গাড়ি ঘিরে চলে বিক্ষোভ। তাঁর সঙ্গে থাকা বিজেপি কর্মী-সমর্থকদের'ও মারধোর করা হয়েছে বলে অভিযোগ। বিক্ষোভ এড়িয়ে তিনি সুমি বর্মণ নামে আক্রান্ত ওই কর্মীর বাড়িতে যান। তাঁর হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেওয়া হয়েছে।

*************************

কলকাতার রেড রোডে আগামীকাল দুর্গা কার্নিভালের জন্য শেষ মুহুর্তের প্রস্তুতি চলছে। বিশ্ব-বাংলা শারদ সম্মান পাওয়া পুজোগুলির বেশিরভাগই এবারের কার্নিভ্যালে যোগ দেবে

বলে জানা গেছে। বিকেল সাড়ে চারটে থেকে শুরু হবে অনুষ্ঠান। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ছাড়াও সেখানে উপস্থিত থাকবেন একাধিক মন্ত্রী, আধিকারিক সহ বিশিষ্টজনেরা।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

পুজো কার্নিভালের জন্য কলকাতা পুলিশ যান চলাচল নিয়ন্ত্রণ করবে। রেড রোড সংলগ্ন রাস্তা এবং এক্সাইড মোড় থেকে হেস্টিংস পর্যন্ত পণ্যবাহী গাড়ি চলাচল দুপুর ১২ টা থেকে ৩'টের মধ্যে নিয়ন্ত্রণ করা হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। দুপুর ২'টো থেকে কার্নিভাল শেষ না হওয়া পর্যন্ত রেড রোড, লাভার্স লেন, কুইন্সওয়ে সহ রাস্তাগুলিতে, যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে।

এদিকে কলকাতায় জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সম্প্রতি একাধিক ব্যক্তির মৃত্যুর প্রতিবাদে 'খোলা হাওয়া' নামে একটি সংগঠন আগামীকাল মিছিল করবে কলেজ স্ট্রিট থেকে। কলকাতা হাইকোর্ট শর্তসাপেক্ষে এই মিছিলের অনুমতি দিয়েছে।

রেড রোডে কার্নিভাল উপলক্ষে অতিরিক্ত মেট্রো পরিষেবা দেবে কলকাতা মেট্রো।

এদিকে রাজ্যের বাকি জেলাগুলিতে আজ কড়া নিরাপত্তার মধ্যে পুজো কার্নিভ্যালে অংশ নিচ্ছে বিভিন্ন পুজো কমিটি।

দশমী ও একাদশীর পর আজ দ্বাদশীতেও প্রতিমা নিরঞ্জন সম্পন্ন হচ্ছে। তবে আজ সংখ্যায় অনেকটাই কম। ঘাট গুলিতে নিরঞ্জন এর ব্যবস্থা আগামীকাল পর্যন্ত থাকবে।

************************

মুর্শিদাবাদের রেজিনগরে বোমা তৈরীর সময় বিষ্ফোরণের ঘটনায় আহত এক যুবকের দেহ ঘটনাস্থল থেকে বেশ কিছুটা দূরে উদ্ধার হয়েছে। ওসমান বিশ্বাস নামে ওই ব্যক্তির দেহ, বিষ্ফোরণের পরই সরিয়ে ফেলা হয়েছিল বলে পরিবারের অভিযোগ। তাঁদের অভিযোগ, এলাকারই একটি বাড়িতে বোমা বাঁধার কাজের জন্য ওসমানকে ডেকে নিয়ে যাওয়া হয়। ওই ব্যক্তিরাই বিষ্ফোরণের পর সেখান থেকে দেহ লোপাটে জড়িত বলে থানায় অভিযোগ দায়ের হয়। ঘটনাস্থল থেকে তিনটি জ্যারিকেনে ভর্তি বোমা এবং বোমা তৈরীর সরঞ্জাম উদ্ধার হয়েছে। এই ঘটনায় পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে বলে খবর।

রেজিনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক রবিউল আলম ইসলাম, অপরাধীদের কঠোর শাস্তির দাবী জানিয়েছেন।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, মুর্শিদাবাদে বোমার কালচার নিয়ে এসেছে তৃণমূল কংগ্রেস। ভোট যত এগিয়ে আসবে, ততই এই ধরণের ঘটনা বাড়বে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন।

উল্লেখ্য, গতকালই ডোমকলের ঘোড়ামারা নিশ্চিন্তিপুরে বোমা ফেটে সিদ্দাতুন বিবি নামে এক মহিলার মৃত্যু হয়।

*************************

আগামী সোমবার ৬’ ই অক্টোবর, কোজাগরী লক্ষ্মীপুজো। গৃহস্থের ঘরে ঘরে হবে ঐশ্বর্য ও ধনের অধিষ্ঠাত্রী দেবীর আরাধনা। পূর্ণিমা তিথি পরের দিনও থাকায়, মঙ্গলবারও কেউ কেউ পুজো করবেন।

এদিকে, পুজোর আগে বাজারে ফুল, ফল ও সবজির দাম যথেষ্টই বেশী। এর জন্য আবহাওয়ার খামখেয়ালিপনাকেই দায়ী করছেন বিক্রেতারা।

******************************************************************